262

দৈনিক সংবাদ

তারিখ ... MAY 28 1999 ...
পৃষ্ঠা 8 কলাম 6

## ডিগ্রি (পাস) পরীক্ষা '৯৯ সম্পর্কে

আগামী অক্টোবর মাসে সারাদেশে অনুষ্ঠিত হতে যাচ্ছে ডিগ্রি (পাস) পরীক্ষা। আর ডিগ্রি পরীক্ষায় বাংলা একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। কারণ এ বিষয়ে অনেকেই অকৃতকার্য হয়। ফলে বাংলা বিষয়ে এ বছর প্রশ্নপত্র কেমন হবে এ ব্যাপারে আমরা পরীক্ষার্থীরা চিন্তায় আছি। কারণ গত বছর অনুষ্ঠিত (ডিগ্রি) পরীক্ষায় বাংলা বিষয়ে নির্বাচিত প্রবন্ধ, গল্প ও কবিতা হতে (১নং হতে ৬নং) বড় প্রশ্ন ও ব্যাখ্যা দুটি করে ছিল প্রত্যেক প্রশ্ন হতে একটির উত্তর দিতে হয়েছে। আগে প্রতি বিভাগে (১-৬ নং প্রশ্নে) তিনটি প্রশ্ন হতে একটির উত্তর দিতে হতো। গত ১৪ই মে ৯৯ দৈনিক প্রথম আলোর পড়াশোনা পাতায় শ্রদ্ধেয় অধ্যাপক মুহঃ আবদুল মান্নান সাহেব লিখেছেন ১-৬ নং প্রশ্নে তিনটি প্রশ্ন হতে একটির উত্তর দিতে হবে। তিনি গত বছরের প্রশ্ন দেখেও এ বছর কিভাবে তা লিখেছেন জানি না। সিলেবাসেও এ ব্যাপারে কিছু লেখা নেই।

তাই জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে আমার বিনীত নিবেদন ডিগ্রি (পাস) পরীক্ষা '৯৯-এ বাংলা প্রশ্ন কিভাবে হবে সে কথা দৈনিক পত্রিকার মাধ্যমে সকলকে অবহিত বা পত্র দিয়ে কলেজগুলোকে অবহিত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

গৌর মোহন দাস
বি.কম পরীক্ষার্থী '৯৯
ওয়ালী নেওয়াজ খান কলেজ
কিশোরগঞ্জ-২৩০০।